গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয় ,বরগুনা সদর, বরগুনা
doict.sadar.barguna.gov.bd

DoICT

সভাপতি : মোঃ ইয়াছিন আরাফাত রানা, উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।

সভার নাম : উপজেলা আইসিটি কমিটির সভা।

স্থান : উপজেলা পরিষদ, বরগুনা সদর এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ২৪.১১.২০২৫ খ্রিঃ, দুপুর: ১২.৩০ টা।

উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা আইসিটি কমিটির সভা শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, বরগুনা সদর সভার কার্যক্রম শুরু করেন। সভায় গত সভার কার্যক্রম কার্যবিবরণী পাঠ করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ সংক্রান্ত:** সভাপতি তরুন তরুণীদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ এর উপর গুরুত্বারোপ করেন। হার পাওয়ার প্রকল্প থেকে যারা ইতিমধ্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করেছে নিয়মিত ফলো আপে রাখা প্রয়োজন। | ১. প্রশিক্ষণার্থীদের নিয়মিত ফলো আপে রাখতে হবে।<br>২. প্রদানকৃত ল্যাপটপসমূহ যাতে যথাযথ ব্যবহৃত হয় সে বিষয়ে প্রশিক্ষণার্থীদের নিয়মিত তদারকি করতে হবে। | ১. উপজেলা আইসিটি অফিসার, বরগুনা সদর |
| ২. | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণ :** সভায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারি দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) এর বর্তমান চিত্র তুলে ধরা হয়। জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. উপজেলার সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দাপ্তরিক ওয়েব পোর্টাল এ কোন বিতর্কিত কন্টেন্ট যাতে না থাকে সে বিষয়ে দপ্তর প্রধানদের সতর্ক থাকার ব্যাপারে আলোকপাত করা হয়।<br>৩. ওয়েব পোর্টাল এর নিরাপত্তার স্বার্থে লগইন ক্রেডেনশিয়াল (ইউজার আইডি, পাসওয়ার্ড) সমূহ গোপনীয় রাখার ব্যাপারে দপ্তর প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার , বরগুনা সদর, বরগুনা।<br>২. উপজেলা আইসিটি অফিসার, বরগুনা সদর, বরগুনা। |
| ৩. | **ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্প :** ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্পের আওতায় বরগুনা | ১. উক্ত প্রকল্পের সকল কার্যক্রম যেন নিয়ম মাফিক হয় সেক্ষেত্রে মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত নেয়া হয়। | ১. উপজেলা আইসিটি অফিসার, বরগুনা সদর, বরগুনা। |

| | | | |
|---|---|---|---|
| | সদর উপজেলায় প্রায় ৩০০ টি হাই স্পিড ব্রডব্যান্ড কানেক্টিভিটির আওতায় আসার কথা রয়েছে। | | |
| ৪. | **উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র:**<br>উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র এর নির্মাণ কার্যক্রম চলমান ৯৯% শেষ। | ১. অবশিষ্ট অংশ দ্রুত সম্পাদনের নিমিত্ত প্রকল্প (EDC) সংশ্লিষ্ট উপজেলা কমিটি তদারকি করবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা<br>২. উপজেলা প্রকৌশলী (এল জি ই ডি), বরগুনা সদর, বরগুনা।<br>৩. উপজেলা আইসিটি অফিসার, বরগুনা সদর, বরগুনা। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪.১১.২৫

(মোঃ ইয়াছিন আরাফাত রানা)
উপজেলা নির্বাহী অফিসার
বরগুনা সদর, বরগুনা
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, বরগুনা।
ফোন: ০৪৪৮-৬২৬৪৯
E-mail: unobarguna@mopa.gov.bd

স্মারকনং-৫৬.০৪.০৪২৮.০০০.৯৯.০০১.২৩-২০৬ তারিখ: ২৪/১১/২০২৫ খ্রিঃ

অনুলিপি: (সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)

০১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, বরগুনা।

০৫। জনাব---------------------------------------------------------------জেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্য, বরগুনা।

০৬। অফিস কপি।

২৪/১১/২৫

(মো: ফাইজুল হক আরিফ)
উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার)
বরগুনা সদর, বরগুনা
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, বরগুনা সদর।
ফোন: ০২৪৭৯৯৩০৩৪৪
E-mail: deptofictbarguna@gmail.com